# উল্লাপাড়া উপজেলা পরিষদের জুলাই -২০২২ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ বীর মুক্তিযোদ্ধা মোঃ শফিকুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, উল্লাপাড়া।

সভার তারিখ ঃ ১৮-০৭-২০২২ খ্রিঃ । সময় ঃ সকাল ১০.৩০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট " ক " তে এবং উপজেলার সকল বিভাগীয় কর্মকর্তাদের উপস্থিতি তালিকা পরিশিষ্ট " খ" তে সংযুক্ত।

সভাপতি সভায় উপস্থিত উপজেলা পরিষদের মাসিক সভার সম্মানিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া মহোদয়কে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানান।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | গত সভার কার্যবিবরণী অনুমোদন | জুন/২০২২ মাসের কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অদ্যকার সভায় তা অনুমোদন করা হলো। | সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি |
| ০২ | গত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | জুন/২০২২ মাসের মাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নাধীন আছে। | সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি |
| ০৩ | **যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক কমিটি ঃ** | | |
| | ১। সভায় উপস্থিত উপজেলা প্রকৌশলী জানান ২০২১-২০২২ অর্থ বছরে অনুমোদিত উপজেলা পরিষদের সভাকক্ষ ইনটেরিয়র সজ্জিতকরণ কাজ ২০২২-২০২৩ অর্থ বছরে রাজস্ব তহবিলের অর্থায়নে বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। এছাড়া আনসারদের জন্য সেড নির্মাণের কাজ ইভোলুশন পর্যায়ে আছে। ২০২২-২০২৩ অর্থ বছরে রাজস্ব খাত হতে উক্ত প্রকল্প বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে ২০২২-২০২৩ অর্থ বছরে রাজস্ব খাতের আওতায় উপজেলা পরিষদ সভাকক্ষ ইনটেরিয়র সজ্জিতকরণ এবং আনসারদের জন্য সেড নির্মাণ কাজ প্রাক্কলন অনুযায়ী সম্পন্ন করাসহ ইনটেরিয়র কাজ ও সেড নির্মাণ কাজ নিবিড় তদারকি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| | ২। উপজেলা প্রকৌশলী দপ্তরের কাজের গুনগত মান রক্ষার জন্য একটি ল্যাব নির্মাণ করা প্রয়োজন। ল্যাব নির্মাণের জন্য উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের নীচ তলায় একটি কক্ষ বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। | | |
| | ৩। আগামী ২৪-০৭-২০২২ খ্রি. তারিখের মধ্যে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে নতুন রোড এর তালিকা প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হয়। | আগামী ২৪-০৭-২০২২ খ্রি. তারিখের মধ্যে নতুন রোড এর তালিকা প্রেরণ নিশ্চিত করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া |
| | ৪। জাইকা প্রকল্পের আওতায় মধু রিফাইন মেশিনটির বর্তমান বাজার দর প্রাক্কলিত মূল্য হতে অনেক বেশি বিধায় মেশিনটি সরবরাহ করা সম্ভব হচ্ছে না ফলে কালো তালিকাভুক্ত না করে শুধুমাত্র পারফরমেন্স সিকিউরিটি বাজেয়াপ্ত করে চুড়ান্ত বিল প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঠিকাদার আবেদন জানিয়েছেন মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | | |
| | ৫। নক্সা অনুমোদনের জন্য আনুমানিক ০৮টি নথি জমা পড়েছে। বিধায় নক্সা অনুমোদনের জন্য সংশ্লিষ্ট কমিটির একটি সভা আহবান করার জন্য অনুরোধ জানান। | নক্সা অনুমোদনের জন্য সংশ্লিষ্ট কমিটির একটি সভা আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিব, উল্লাপাড়া |
| ০৪ | **জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক কমিটি ঃ**<br>সভায় উপস্থিত উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের উল্লাপাড়া উপজেলায় বরাদ্দকৃত ১৮টি কমিউনিটি বেইজড ওয়াটার সাপ্লাই স্কিম এর স্থানের তালিকা প্রাপ্তি সাপেক্ষে কার্যক্রম আরম্ভ করা হবে। | ওয়াটার সাপ্লাই স্কিম এর স্থান নির্বাচনের কাজ দ্রুত সম্পন্ন করে কার্যক্রম শুরু করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | **মহিলা ও শিশু বিষয়ক কমিটি ঃ**<br>ভিজিডি কর্মসূচির আওতায় ২০২২-২০২৩ অর্থ বছরে জুলাই হতে ডিসেম্বর পর্যন্ত খাদ্য বরাদ্দ পত্র পাওয়া যায়নি। | খাদ্য বরাদ্দপত্র পাওয়া মাত্র খাদ্য বিতরণের আদেশ জারী করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ০৬ | **তথ্য ও সংস্কৃতি বিষয়ক কমিটি ঃ**<br>উপজেলার কিশোর কিশোরী ক্লাবগুলোতে নাস্তা বাবদ পূর্বের বরাদ্দ ৩০/- টাকা থেকে কমিয়ে জনপ্রতি ১৫/- টাকা হারে প্রদানের জন্য প্রকল্প পরিচালকের কার্যালয় হতে পত্র প্রেরণ করা হয়েছে। | নির্দেশনা মোতাবেক নাস্তা বিতরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ০৭ | **স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক কমিটি ঃ**<br>**পরিবার পরিকল্পনা বিভাগ ঃ**<br>পরিবার পরিকল্পনা বিভাগের অধীনে মাঠ পর্যায়ে স্যাটেলাইট ক্লিনিক, স্কুল স্বাস্থ্য কর্মসূচি, বাড়ী পরিদর্শন এবং ভ্রাম্যমান চলচিত্র প্রদর্শণী কার্যক্রম অব্যাহত আছে। আগামী ২১ শে জুলাই বিশ্ব জনসংখ্যা দিবস উদ্যাপিত হবে।<br>তিনি আরও জানান জন্ম নিবন্ধন/জন্ম নিবন্ধন সংশোধন কার্যক্রমে গতিশীলতা আনায়নে এবং শতভাগ জন্ম নিবন্ধন নিশ্চিত করতে উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থ বছরের রাজস্ব বাজেটে অর্থ বরাদ্দ রাখা হয়েছে। উক্ত বরাদ্দ হতে জন্ম নিবন্ধন/ জন্ম নিবন্ধন সংশোধন কার্যক্রমের আনুষাংগিক ব্যয় বাবদ মাসিক ১৫০০০/- (দশ হাজার ) টাকা উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।<br>**স্বাস্থ্য বিভাগ ঃ**<br>উপজেলা স্বাস্থ্য বিভাগের অধীনে আগামী ১৯ জুলাই তারিখ বুস্টার ডোজ গনটিকা প্রদান করা হবে।<br>উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর পুরাতন ঝুকিপূর্ণ ইউকলেপটাস গাছ কর্তণের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।<br>ইউনিয়ন পরিষদের মাসিক সভায় সংশ্লিষ্ট ইউনিয়ন স্বাস্থ্য কর্মীদের অবহিত করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | উদ্বুদ্ধমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। যথাযোগ্য মর্যাদায় জনসংখ্যা দিবস, ২০২২ উদ্যাপন নিশ্চিত করতে হবে।<br>উপজেলার পরিষদের ২০২২-২০২৩ অর্থ বছরের রাজস্ব বাজেটের জন্ম নিবন্ধন খাত হতে জন্ম নিবন্ধন/জন্ম নিবন্ধন সংশোধন কার্যক্রমে গতিশীলতা আনয়নে আনুষাংগিক ব্যয় বাবদ মাসিক ১৫,০০০/- টাকা উত্তোলনের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>সংশ্লিষ্ট সকলের সাথে সমন্বয় পূর্বক বুস্টার ডোজ গণটিকা কার্যক্রম সফল করতে হবে।<br>সরেজমিনে তদন্ত পূর্বক উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর ঝুকিপূর্ণ গাছ অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে<br>ইউনিয়ন পরিষদের মাসিক সভায় সংশ্লিষ্ট ইউনিয়ন স্বাস্থ্য কর্মীদের অবহিত করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>হিসাব সহকারী ইউএনও অফিস, উল্লাপাড়া<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা উপজেলা বন কর্তকর্তা উল্লাপাড়া ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া |
| ০৮ | **সমাজ সেবা বিষয়ক কমিটি ঃ**<br>উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জানান, আগামী ২৪-০৭-২০২২ তারিখ উপজেলা পরিষদ চত্বরে বয়স্কভাতা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের হাতে ভাতা বহি প্রদান করা হবে। ধার্য তারিখে ভাতাভোগীদের উপস্থিতি নিশ্চিত করতে ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।<br>প্রান্তিক পেশায় নিয়োজিত ৩০ জন ব্যক্তিকে প্রশিক্ষণ প্রদানের জন্য অর্থ বরাদ্দ পাওয়া গেছে। গতমাসের মাসিক সভায় ৩০জন প্রান্তিক পেশাজীবী বাছাই করার আহবান জানানো হয়েছিল। | আগামী ২৪-০৭-২০২২ ইউনিয়ন ভিত্তিক ভাতাভোগীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের পরামর্শক্রমে ৩০জন প্রান্তিক পেশাজীবী বাছাই নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া<br>উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৯ | **মুক্তিযোদ্ধা বিষয়ক কমিটি ঃ**<br>মুক্তিযোদ্ধা ভাতা বিতরণ কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | মুক্তিযোদ্ধা ভাতা বিতরণ সংক্রান্ত যে কোন সমস্যা দ্রুততম সময়ের মধ্যে সমাধান নিশ্চিত করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১০ | **আইন-শৃঙ্খলা বিষয়ক কমিটি ঃ**<br>উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের অধীনে বর্তমানে ৭১জন ভাতাভোগী আনসার সদস্য রয়েছে। | আনসার সদস্যদের দায়িত্বশীলতার সাথে কাজ করার প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা। |

| | | | |
|---|---|---|---|
| ১১ | **উপজেলা পরিষদের আয়-ব্যয়ের উপর আলোচনা ঃ**<br>উপজেলা পরিষদের আয়-ব্যয়ের উপর আলোচনা করা হয়। আলোচ্য জুলাই/২০২২ মাসে সম্ভাব্য মোট ২,০০,০০০/- টাকা রাজস্ব খাতে আয় হবে এবং ব্যয় হবে আপ্যায়ন, আনুষাংগিক ও ইন্টারনেট বিল ভাতা খাতে ৪০০০০/- টাকা। আসবাব ক্রয় খাতে ২৫০০০/- টাকা ভাউচার পাওয়া গেছে। এছাড়া উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া এর বাসভবনের গেইট মেরামত বাবদ ২৫০০০/- টাকা করে দুটি ভাউচারে ৫০০০০/- টাকা বিল পাওয়া গেছে। উক্ত ব্যয় যথাযথ হওয়ায় তা পরিশোধ করা প্রয়োজন | আলোচ্য জুলাই/২০২২ মাসে সর্বমোট ব্যয় হবে ৪০০০০+২৫০০০ + ৫০০০০ = ১১৫০০০/- টাকা। উক্ত ব্যয় যথাযথ হওয়ায় তা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। | হিসাব সহকারী, ইউএনও অফিস |
| ১২ | **প্রতিনিধি উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উল্লাপাড়া**<br>তিনি বলেন উপজেলা প্রাণি সম্পদ দপ্তর ও ভেটেরিনারী হাসপাতাল কর্তৃক কোরবানীর হাটগুলোতে ভেটেরিনারী মেডিকেল টিম গঠন করা হয়েছিল। বর্তমানে এনএটিপি এবং এলডিডিপি প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। উন্নতজাতের ঘাস চাষ বিষয়ক প্রকল্প এবং জনস্বাস্থ্য সুরক্ষায় প্রাণিসম্পদের ভূমিকা ও চর অঞ্চলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর উন্নয়ন বিষয়ক প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। | উপজেলা প্রাণি সম্পদ দপ্তরের মাঠ পর্যায়ের কর্মীদের মাধ্যমে প্রাণি মোটাতাজাকরণ করার জন্য রাসায়নিক ঔষধের ক্ষতিকর প্রভাব নিয়ে সচেতনতা সৃস্টি করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৩ | **উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া**<br>তিনি বলেন এডিপি খাতের আওতায় ০২টি বিল নার্সারি ও ০২টি অভয়াশ্রম স্থাপনের কাজ ইতোমধ্যে সফলভাবে সম্পন্ন হয়েছে। বিলে পানি আসা সাপেক্ষে বিল নার্সারির পোনা অবমুক্ত করা হবে আগামী ২৩ জুলাই হতে ২৯ জুলাই তারিখ জাতীয় মৎস্য সপ্তাহ,২০২২ কেন্দ্রীয় কর্মসূচির সাথে সঙ্গতি রেখে উল্লাপাড়া উপজেলায় একযোগে বাস্তবায়িত হবে। সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। নতুন ১০০ জন জেলের নিবন্ধনের লক্ষ্যে তথ্য সংগ্রহ শেষ পর্যায়ে রয়েছে। যাচাই বাছাই শেষে চুড়ান্ত তালিকা প্রস্তুত করা হবে। | যথাসময়ে বন্যার পানি আসলে পোনা অবমুক্ত করতে হবে এবং জাতীয় মৎস্য সপ্তাহ,২০২২ যথাযথভাবে উদ্‌যাপন নিশ্চিত করতে হবে | উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৪ | **উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া :**<br>উপজেলা কৃষি কর্মকর্তা জানান খরিপ-২/২০২২-২০২৩ মৌসুমে রোপা আমন এর লক্ষ্যমাত্রা ৯১২৫ হেক্টর নির্ধারণ করা হয়েছে। বীজতলা তৈরির কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং ৪০০ হেক্টর জমিতে আদর্শ বীজতলা হয়েছে। এছাড়া বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকদের জন্য বাংলাদেশ সীড এসোসিয়েশন (বিএসএ) এর উদ্যোগে ৬০০ কেজি বীজ সহায়তা প্রদানের নির্দেশনা পাওয়া গেছে। | মাঠ পর্যায়ে তদারকি অব্যহত রাখতে হবে। বিএসএ কর্তৃক বরাদ্দকৃত বীজ সহায়তা হিসেবে প্রতিজন কৃষক ০২ কেজি হাইব্রীড রোপা আমন ধানের বীজ ক্ষতিগ্রস্থ কৃষকদের মাঝে বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৫ | **উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া**<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসের পিআরডিপি-৩ প্রকল্পের মাধ্যমে নির্মাণ কাজ করা হয় এছাড়া ছয়টি প্রকল্পের মাধ্যমে ঋণ প্রদান করা হয়। গত মাসে ৯১ জন সদস্যের মাঝে ২১,৭১,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। আদায় হয়েছে ২১,৩৭,০০০/- টাকা । | ঋণ বিতরণে স্বচ্ছতা বজায় রাখাসহ ঋণ আদায় কার্যক্রম জোরদার করতে হবে | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৬ | **উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া ঃ**<br>উপজেলা বন কর্মকর্তা জানান উপজেলার পুর্নিমাগাতী ইউনিয়নের ঝপঝপিয়া হতে ধামাইকান্দি পর্যন্ত রাস্তার ধারে ২০০০ টি বিভিন্ন প্রজাতির ফলজ, বনজ ও ঔষধি চারা রোপন করা হয়েছে। চারা জীবিতের হার সন্তোষজনক। বর্তমানে চলমান ক্ষয়ার কারণে বৃক্ষরোপন কার্যক্রম কিছুটা বিঘ্নিত হচ্ছে। বৃষ্টি শুরু হলে অবশিষ্ট কার্যক্রম সম্পন্ন করা হবে। | উপজেলার যে সকল সরকারি দপ্তরে এবং ইউনিয়ন পর্যায়ের রাস্তায় গাছ কর্তনযোগ্য রয়েছে সরেজমিনে তদন্তপূর্বক সেগুলো কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৭ | **উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া ঃ**<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া জানান গ্রীস্মকালীণ এবং ঈদুল আযহার জন্য গত ২৮-০৬-২০২২ তারিখ হতে ১৬-০৭-২০২২ তারিখ পর্যন্ত বিদ্যালয়গুলোতে বন্ধ ছিল। গত ১৭-০৭-২০২২ তারিখ | পাঠদান কার্যক্রম নির্বিঘ্ন করতে নিবিড় তদারকি নিশ্চিত করতে হবে | উপজেলা শিক্ষা কর্মকর্তা, |

| | | | |
|---|---|---|---|
| | হতে পুনরায় বিদ্যালয়গুলোতে শ্রেণিপাঠদান কার্যক্রম চালু হয়েছে। | | উল্লাপাড়া |
| ১৮ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া**<br>তিনি বলেন স্থগিতকৃত এসএসসি পরীক্ষা/২০২২ আগামী ১৫ সেপ্টেম্বর, ২০২২ তারিখ হতে অনুষ্ঠিত হতে পারে। সিআরভিএস এর ডাটা এন্ট্রি ৩১ মে, ২০২২ পর্যন্ত প্রায় ২৮০০০ সম্পন্ন হয়েছে। ডাটা এন্ট্রিতে যে সকল শিক্ষক সম্পৃক্ত ছিলেন তাদের পারিতোষিক কর্ম প্রতি ৩০/- বরাদ্দ পাওয়া গেছে। আগামী ২৬ জুলাই, ২০২২ তারিখ সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা ও জাতীয় শিক্ষা সপ্তাহ, ২০২২ এ উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠদের মাঝে সনদ ও পুরস্কার বিতরণ করার তারিখ নির্ধারণ করা হয়েছে | মাধ্যমিক বিদ্যালয়গুলোতে প্রমাপ অনুযায়ী পরিদর্শন নিশ্চিত করতে হবে। শিক্ষার্থীদের মধ্যে করোনা প্রতিরোধে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করতে প্রধান শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৯ | **উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া ঃ**<br>উপজেলা যুব উন্নয়ন দপ্তরের মাধ্যমে জুলাই, ২০২২ মাসে ৩ মাস মেয়াদী গবাদীপশু হাস-মুরগী পালন ও প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি বিষয়ে প্রশিক্ষণের জন্য ০৮ জন বেকার যুবককে সিরাজগঞ্জ যুব প্রশিক্ষণ কেন্দ্রে পাঠানো হয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরে বাজেট প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ শুরু করা হবে। ২০২১-২০২২ অর্থ বছরে বেকার যুবদেরকে ড্রাইভিং বিষয়ে প্রশিক্ষণ দেয়ার জন্য জাইকা থেকে প্রতিশ্রুত বাজেট প্রদান না করায় ড্রাইভিং বিষয়ে প্রশিক্ষণ প্রদান সম্ভব হয় নাই। | প্রশিক্ষণার্থী নির্বাচনের ক্ষেত্রে স্বচ্ছতা বজায় রাখতে হবে এবং উপজেলার প্রত্যন্ত অঞ্চলের আগ্রহী প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া |
| ২০ | **উপজেলা সমবায় কর্মকর্তা, উল্লাপাড়া**<br>উপজেলা সমবায় কর্মকর্তা, উল্লাপাড়া জানান ২০২১-২০২২ অর্থ বছরে ৪৬৯টি প্রাথমিক সমবায় সমিতির অডিট বরাদ্দ সম্পন্ন হয়েছে। জুলাই, ২০২২ হতে অডিট কার্যক্রম সম্পাদন চলমান রয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরের ধার্যকৃত সকল রাজস্ব আদায় করা হয়েছে। | আর্থিক ডিএ সহ ম্যানুয়াল অনুসারে অডিট সম্পন্ন করতে হবে। ১০০% সরকারি রাজস্ব আদায় নিশ্চিত করতে হবে | উপজেলা সমবায় কর্মকর্তা, উল্লাপাড়া |
| ২১ | **সহকারী প্রকৌশলী, বিএডিসি (পানাসি), উল্লাপাড়া**<br>সহকারী প্রকৌশলী, বিএডিসি (পানাসি) জানান ২০২২-২০২৩ অর্থ বছরে জলাবদ্ধতা দূরীকরণে ৪০ কিলোমিটার খাল পুনঃখনন কাজ করা হবে, ৩০ টি ডিটিডাব্লিউ চালু করা হবে, ৩০ টি ব্রীজ কালভার্ট নির্মাণ করা হবে, ১০ কিলোমিটার আরসিসি রাস্তা নির্মাণ করা হবে, ১০ কিলোমিটার কার্পেটিং রাস্তা সংস্কার করা হবে এবং জলাবদ্ধতা দূরীকরণে ইউপিভিসি ড্রেন নির্মাণ করা হবে ১০ টি | ২০২২-২০২৩ অর্থ বছরে গৃহীত কার্যক্রম উপজেলা প্রশাসন ও উপজেলা পরিষদের সাথে সমন্বয়পূর্বক সম্পন্ন করতে হবে। | সহকারী প্রকৌশলী, বিএডিসি (পানাসি), উল্লাপাড়া |
| ২২ | **চেয়ারম্যান, উধুনিয়া ইউপি**<br>চেয়ারম্যান, উধুনিয়া ইউপি উধুনিয়া ইউনিয়ন পরিষদ হতে বাবুলীদহ বাজার হয়ে দূর্গাদহ শ্বশান ঘাট পর্যন্ত সাবমার্সিবল রাস্তা নির্মাণ, ইউনিয়ন পরিষদ হতে দত্তখারুয়া পর্যন্ত উচু রাস্তা নির্মাণ, চান্ডালগাতী হতে আগদিঘলগ্রাম পর্যন্ত সাবমার্সিবল রাস্তা নির্মাণ, শ্যামপুর ধর হতে শ্যামপুর করবস্থান হয়ে খানপুর সপ্রাবি পর্যন্ত সাবমার্সিবল রাস্তা নির্মাণ, বেতকান্দি কবরস্থান হতে সুবৈদ্যমরিচ সুত্রধর পাড়া হয়ে বেতকান্দি সাহপাড়া পুকুর পর্যন্ত সাবমার্সিবল রাস্তা নির্মাণ, বেতকান্দি কবরস্থান হতে বগুড়া মাজেদের খোলা ভিটা পর্যন্ত সাবমার্সিবল আরসিসি রাস্তা নির্মাণ, বগুড়া ব্রীজ হতে উধুনিয়া বাজার পর্যন্ত রাস্তা, আগদিঘলগ্রামে সাবমার্সিবল ৫০০ মিঃ রাস্তা, খানপুর হতে বাগমারা বাজার পর্যন্ত সাবমার্সিবল রাস্তা বিষয়ে বিস্তারিত আলোচনা করেন | বর্ণিত রাস্তাসমূহের কাজ সম্পন্ন করতে পর্যায়ক্রমে প্রকল্পভুক্ত করে উপজেলা পরিষদের প্রেরণ করতে হবে। | চেয়ারম্যান, উধুনিয়া ইউপি |
| ২৩ | **চেয়ারম্যান, হাটিকুমরুল ইউপি**<br>তিনি বলেন রশিদপুর ১.৫ কিলোমিটার একটি রাস্তা নির্মাণ করা হয়েছে । উক্ত রাস্তায় গাছ লাগানোর অনুরোধ জানান | সরেজমিনে তদন্ত পূর্বক বর্ণিত রাস্তায় গাছ লাগানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া |

| | | | |
|---|---|---|---|
| ২৪ | **চেয়ারম্যান, রামকৃষ্ণপুর ইউপি ঃ**<br>তিনি তার ইউনিয়নের ভিজিএফ এর চাউল বস্তা প্রতি ০২/০৩ কেজি কম পাওয়া গেছে মর্মে অভিযান উত্থাপন করেন। তিনি তার বাড়ীর সামনের রাস্তাটি করার অনুরোধ জানান। | রাস্তা নির্মাণের জন্য প্রকল্প গ্রহণপূর্বক উপজেলা পরিষদের প্রেরন করতে হবে | চেয়ারম্যান, রামকৃষ্ণপুর ইউপি |
| ২৫ | **চেয়ারম্যান, বড়হর ইউপি, উল্লাপাড়া**<br>তিনি বলেন তার ইউনিয়নের বড়হর খেয়াঘাটের পার্শ্বে ১০-১৫ মিটার রাস্তা কার্পেটিং না হওয়ায় প্রায়শই দুর্ঘটনা ঘটে। বড়হর থেকে অলিপুর এবং বড়হর হতে তেতুলিয়া পর্যন্ত রাস্তায় গাছ কর্তণযোগ্য হয়েছে। গাছগুলো কর্তণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | সরেজমিনে তদন্ত পূর্বক বড়হর খেয়াঘাটের পার্শ্বের রাস্তা মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>তদন্তপূর্বক বর্ণিত রাস্তায় গাছ কর্তণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া<br>উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া |
| ২৬ | **চেয়ারম্যান, মোহনপুর ইউপি, উল্লাপাড়া**<br>তিনি বলেন মোহনপুর রেল স্টেশন থেকে বর্দ্ধনগাছা পর্যন্ত এইচবিবি রাস্তা জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। জন্ম নিবন্ধনের বিষয়ে মোহনপুর ইউনিয়নে স্বাস্থ্য বিভাগের কর্মীদের সহযোগিতা পাওয়া যাচ্ছে না মর্মে অভিযোগ উত্থাপন করেন। মধু প্রসেসিং ভবন নির্মাণের জন্য একটি বট গাছ কর্তন করা হয়েছে কিন্তু গাছের গুড়ি অপসারণ না করে ফেলে রাখা হয়েছে। গাছের নিচের ড্রেনটি প্রায় বন্ধ হয়ে গেছে। সংশ্লিষ্ট ঠিকাদারকে গাছের গুড়ি অপসারণ এবং ড্রেন মেরামত করে দিতে চাপ প্রয়োগের জন্য অনুরোধ জানান। | মধু প্রসেসিং ভবন নির্মাণের জন্য কর্তণকৃত গাছের গুড়ি দ্রুত অপসারণ করা এবং ক্ষতিগ্রস্থ ড্রেনটি দ্রুত মেরামত করে দেওয়ার জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ২৭ | **চেয়ারম্যান, সলঙ্গা ইউপি, উল্লাপাড়া**<br>তিনি বলেন সলঙ্গা ইউনিয়নে পানির সমস্যা রয়েছে এবং নামাজ ঘর নির্মাণ করা প্রয়োজন। সুপেয় পানির ব্যবস্থা গ্রহণ ও নামাজ ঘর নির্মাণের জন্য বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। এছাড়া জন্ম নিবন্ধন ফি আদায় নিয়ে সমস্যার সৃষ্টি হচ্ছে। | ইউনিয়ন পরিষদসমূহে জন্ম নিবন্ধন ফি আদায় সংক্রান্ত উপপরিচালক, স্থানীয় সরকার, সিরাজগঞ্জ মহোদয়ের প্রেরিত ব্যানারটি স্ব স্ব পরিষদের দৃশ্যমান স্থানে প্রদর্শনের জন্য স্থাপন নিশ্চিত করতে হবে | ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া |
| ২৮ | **চেয়ারম্যান, সলপ ইউপি, উল্লাপাড়া**<br>তিনি বলেন সলপ ইউনিয়নে বিএডিসি'র কোন প্রকল্প বিগত ৩/৪ বছরে বাস্তবায়ন করা হয়নি। কাশিনাথপুর-রামনগর বিএডিসি'র মেইনটেইন ব্রীজ নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। রাস্তায় গাছ লাগানোর বিষয়ে সরেজমিনে তদন্ত করে তালিকা প্রস্তুত করার জন্য উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়াকে অনুরোধ জানান । সোনাতলা ব্রীজের পার্শ্বে রাস্তার উপর গাছ পড়ে আছে। দ্রুত অপসারণ করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান । ফেয়ার প্রাইজের কার্ডধারীদের মধ্যে কেউ অন্যত্র চলে গেছে, কেউ মারা গেছে উক্ত কার্ডগুলো পুনসংযোজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | ফেয়ার প্রাইজের কার্ডগুলো নিজ সংগ্রহে নেয়ার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, উল্লাপাড়াকে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।<br>প্রস্তাবসহ পুনসংযোজন যোগ্য কার্ডের তালিকা প্রেরণ করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, উল্লাপাড়া<br>ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া |
| ২৯ | **চেয়ারম্যান, পঞ্চক্রোশী ইউপি, উল্লাপাড়া**<br>তিনি পঞ্চক্রোশী ইউনিয়ন কমপ্লেক্স ভবনের জন্য ইউনিয়নের মধ্যবর্তী একটি জায়গায় স্থান নির্বাচন করে দ্রুত ভবন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। ইউনিয়নের শাহজাহানপুর হতে মনিরপুর পর্যন্ত রাস্তাটি অতিগুরুত্বপূর্ণ একটি রাস্তাটি। রাস্তাটি সম্প্রসারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। সলপ রেল স্টেশনের পার্শ্বে সরকারি জায়গা দখল করে দোকানঘর নির্মাণ করা হয়েছে। উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। কাজীপাড়া হাট খোলা হতে পাথারপাড়া পর্যন্ত রাস্তাটি মেরামত করা প্রয়োজনীয়। | সরেজমিনে তদন্ত পূর্বক পঞ্চক্রোশী ইউনিয়নের মধ্যবর্তী একটি স্থান নির্বাচন পূর্বক ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>রেল স্টেশনের পার্শ্বে সরকারি জমি অবৈধ দখলকারীদের নামের তালিকা প্রস্তুত পূর্বক প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া<br>চেয়ারম্যান, পঞ্চক্রোশী ইউপি, উল্লাপাড়া |

| | | | |
|---|---|---|---|
| ৩০ | **চেয়ারম্যান, পুর্নিমাগাতী ইউপি, উল্লাপাড়া**<br><br>তিনি বলেন তার ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণের জন্য নির্ধারিত জমির মূল্য নির্ধারণ করে দেওয়ার জন্য জেলা প্রশাসক, সিরাজগঞ্জ মহোদয়ের কার্যালয় হতে পত্র প্রেরণ করা হয়েছে। দ্রুত মূল্য নির্ধারণ করে দেওয়ার জন্য অনুরোধ জানান। ড় | জেলা প্রশাসক, সিরাজগঞ্জ মহোদয়ের পত্রের ভিত্তিতে পুর্নিমাগাতী ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণের জন্য নির্ধারিত জমির মূল্য নির্ধারণ করতে হবে। | সাব রেজিস্ট্রার, উল্লাপাড়া |
| ৩১ | **চেয়ারম্যান, দূর্গানগর ইউপি, উল্লাপাড়া**<br><br>তিনি বলেন ২০২১-২০২২ অর্থ বছরে তার ইউনিয়নে অবকাঠামোগত উন্নয়ন কাজের মালামাল পরিবহনের কারণে তার ইউনিয়ন পরিষদের যাওয়ার গুরুত্বপূর্ণ রাস্তাটি ক্ষতিগ্রস্থ হয়েছে। সংশ্লিষ্ট ঠিকাদারের মাধ্যমে উক্ত রাস্তাটি মেরামত করে দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানান। | বর্ণিত রাস্তাটি মেরামত করে দেওয়ার জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ৩২ | **ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া**<br><br>১। উল্লাপাড়া উপজেলা পরিষদের মাসিক সভা প্রতি মাসের তৃতীয় সোমবার নির্ধারণ করার অনুরোধ জানান। নান্দনিক ও আড়ম্বরপূর্ণ পরিবেশে ২০২২-২০২৩ অর্থ বছরের উন্মুক্ত বাজেট ঘোষণা ও পরিকল্পনা সভা আয়োজিত হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।<br>২। তিনি আরও জানান ২০২১-২০২২ অর্থ বছরে রাজস্ব উন্নয়ন খাত হতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একটি আলট্রা সাউন্ড মেশিন সরবরাহ করা হয়েছিল মেশিনটির বর্তমান কার্যকারিতা কতটুকু সে বিষয়ে আলোচনা করেন। | প্রতি মাসের তৃতীয় সোমবার মাসিক সভা আয়োজনের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া |
| | ৩। এডিপিতে ছোট ছোট প্রকল্প গ্রহণ নিরুৎসাহিত করেন। বড় দৃশ্যমান প্রকল্প গ্রহনের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। মোহনপুর ইউনিয়নে দহকুলা হতে মরহুম নেতা আব্দুল লতিফ মির্জার বাড়ী পর্যন্ত রাস্তাটি নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | মোহনপুর ইউনিয়নে দহকুলা হতে মরহুম নেতা আব্দুল লতিফ মির্জার বাড়ী পর্যন্ত রাস্তাটি নির্মাণের জন্য প্রয়োনজীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| | ৪। উপজেলা পরিষদের সীমানা প্রাচীরের পশ্চিম দিকে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংলগ্ন অংশ ক্ষতিগ্রস্থ ও ঝুকিপূর্ণ অবস্থায় রয়েছে যে কোন সময় ভেঙ্গে পড়তে পারে। এতে পার্শ্বের রাস্তায় চলাচলরত মানুষের জানমালের ক্ষতিসাধনের সম্ভবনা রয়েছে। সীমানা প্রাচীরটি পুনঃনির্মাণের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পশ্চিম দিকে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংলগ্ন অংশ পুনঃনির্মানের জন্য প্রাক্কলন প্রস্তুত পূর্বক স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের জন্য পত্র প্রেরণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ৩৩ | **উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া ঃ**<br><br>উপজেলার সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে তাদের স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ রাখার জন্য পুনরায় অনুরোধ জানান। | বিভাগীয় কর্মকর্তাগণ তাদের স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করণ নিশ্চিত করবেন। | বিভাগীয় কর্মকর্তাগণ |
| | ২। জন্ম নিবন্ধন অনলাইন কার্যক্রমে গতিশীলতা আনায়নে এবং সহজীকরণে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলার সকল ইউনিয়নে পর্যায়ক্রমে জন্মনিবন্ধন মেলা আয়োজনের বিষয়ে আলোচনা করেন। মেলায় তাৎক্ষণিক জন্ম নিবন্ধন করা সহ জন্ম নিবন্ধন অনলাইন করণ এবং জন্ম নিবন্ধন ভুল সংশোধন সংক্রান্ত আবেদন গ্রহণ ও নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হবে। সেই সাথে জন্ম নিবন্ধন/জন্ম নিবন্ধন ভুল সংশোধন সংক্রান্ত অনিস্পন্ন আবেদনসমূহ দ্রুততম সময়ের মধ্যে নিস্পন্ন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে কেন্দ্রীয়ভাবে উপজেলা পরিষদ চত্ত্বরে এবং পর্যায়ক্রমে ইউনিয়ন পর্যায়ে জন্মনিবন্ধন মেলা আয়োজনের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন, উল্লাপাড়া ইউপি চেয়ারম্যানগণ, উল্লাপাড়া |

<table>
<tr>
<td></td>
<td>৩। জন্ম নিবন্ধন/জন্ম নিবন্ধন ভুল সংশোধন সংক্রান্ত কাজে ব্যবহৃত পাসওয়ার্ড অতি গোপনীয় এবং গুরুত্বপূর্ণ একটি বিষয়। ইউনিয়ন পর্যায়ে ইউপি চেয়ারম্যান ও ইউপি সচিব এর নিকট বিশেষ গুরুত্ব সহকারে এই পাসওয়ার্ড সংরক্ষিত রাখার বিধান রাখা হয়েছে। কিন্তু সম্প্রতি ইউনিয়ন পরিষদ পরিদর্শনকালে দেখা যাচ্ছে বহিরাগত ব্যক্তি যারা ইউনিয়ন পরিষদের বিধিগত কোন কর্মচারী নয় এমনটি চুক্তিবদ্ধ উদ্যোক্তাও নয় তারা জন্মনিবন্ধন সংক্রান্ত পাসওয়ার্ড ব্যবহার করে জন্ম নিবন্ধন/জন্ম নিবন্ধন ভুল সংশোধন সংক্রান্ত কাজ করছে। বিষয়টি গুরুতর অসদাচারণের সামিল এবং দন্ডনীয় অপরাধ। এ বিষয়ে অভিযুক্তদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।</td>
<td>জন্মনিবন্ধন সংক্রান্ত পাসওয়ার্ড কোন অবস্থাতেই যাতে ইউপি চেয়ারম্যান ও ইউপি সচিব ব্যতীত অন্যকেউ ব্যবহার করতে না পারে সে বিষয়ে সর্বোচ্চ গুরুত্বারোপ করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হলো।</td>
<td>ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া</td>
</tr>
<tr>
<td></td>
<td>৪। জন্ম ও মৃত্যু নিবন্ধন নির্দেশিকা ২০১১ এর বিধি ২(১৯) অনুযায়ী উল্লাপাড়া উপজেলার প্রতিটি ইউনিয়নে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম পরিদর্শনে সরকারি পরিদর্শক নিয়োগ করা হয়েছে। নিয়োজিত পরিদর্শকগণ ইউনিয়ন জন্ম ও মৃত্যু নিবন্ধন কমিটির সাথে সভা করে স্বচ্ছতা, নিভুলতার ও দ্রুততম সময়ের মধ্যে জন্ম নিবন্ধন/জন্ম নিবন্ধন সংশোধন সংক্রান্ত কার্যক্রম পরিচালনার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।</td>
<td>নিয়োজিত পরিদর্শকগণ ইউনিয়ন জন্ম ও মৃত্যু নিবন্ধন কমিটির সাথে সভা করে স্বচ্ছতা, নিভুলতার ও দ্রুততম সময়ের মধ্যে জন্ম নিবন্ধন/জন্ম নিবন্ধন সংশোধন সংক্রান্ত কার্যক্রম পরিচালনার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>নিয়োজিত পরিদর্শকগন, উল্লাপাড়া</td>
</tr>
<tr>
<td></td>
<td>ইউনিয়ন ভিত্তিক অনিষ্পন্ন আবেদনের তথ্যচিত্র
<table>
<tr><th>ইউনিয়নের নাম</th><th>অনিষ্পন্ন আবেদন</th><th>ইউনিয়নের নাম</th><th>অনিষ্পন্ন আবেদন</th></tr>
<tr><td>রামকৃষ্ণপুর</td><td>৪৭৪</td><td>সলঙ্গা</td><td>৪০৩</td></tr>
<tr><td>বাঙ্গালা</td><td>৮০১</td><td>হাটিকুমরুল</td><td>২০৪৫</td></tr>
<tr><td>উধুনিয়া</td><td>১৪৩</td><td>বড়হর</td><td>৫৭২</td></tr>
<tr><td>বড়পাঙ্গাসী</td><td>১২০</td><td>উল্লাপাড়া সদর</td><td>৬০</td></tr>
<tr><td>মোহনপুর</td><td>১৫৪</td><td>পঞ্চক্রোশী</td><td>৩৭৬</td></tr>
<tr><td>দূর্গানগর</td><td>৮০</td><td>সলপ</td><td>৭৮৪</td></tr>
<tr><td>পুর্নিমাগাতী</td><td>১০৮</td><td>কয়ড়া</td><td>১৭৩</td></tr>
<tr><td></td><td></td><td></td><td></td></tr>
</table></td>
<td>ইউপি চেয়ারম্যানগণকে প্রতি মাসের মাসিক সভায় পূর্ববর্তী মাসের জন্ম নিবন্ধন/জন্ম নিবন্ধন সংশোধন সংক্রান্ত মোট প্রাপ্ত আবেদন, মোট নিষ্পত্তিকৃত আবেদন এবং অনিষ্পন্ন আবেদনের তথ্য চিত্র উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।</td>
<td>ইউপি চেয়ারম্যানগণ, উল্লাপাড়া</td>
</tr>
<tr>
<td>৩৪</td>
<td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া<br><br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া উপজেলা পরিষদের রাজস্ব ব্যয় হ্রাস এবং রাজস্ব আয় বৃদ্ধিও লক্ষ্যে জুলাই, ২০২২ মাস হতে উপজেলা পরিষদের আবাসিক ভবনসমূহে বসবাসকারীদেও নিকট থেকে উপজেলা পরিষদের ব্যবস্থাপনায় সরবরাহকৃত পানির জন্য বিল আদায়ের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। ইউনিট প্রতি পানির বিল বাবদ মাসিক ৩৫০/- টাকা নির্ধারণের বিষয়ে প্রাথমিক আলোচনা করা হয়।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে জুলাই, ২০২২ মাস হতে উপজেলা পরিষদের আবাসিক ভবনসমূহে প্রতি ইউনিটে মাসিক ৩৫০/- টাকা হারে বিল আদায়ের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।</td>
<td>উপজেলা পরিষদ, উল্লাপাড়া</td>
</tr>
<tr>
<td></td>
<td>২। উপজেলা পরিষদের জীপ গাড়ীর গ্যাসের পরিবর্তে তেলে চালানোর বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।</td>
<td>বিস্তারিত আলোচান্তে উপজেলা পরিষদের জীপ গাড়ীটি গ্যাসের পরিবর্তে তেলে চালানোর জন্য স্থানীয় সরকার বিভাগের অনুমতির জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।</td>
<td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া</td>
</tr>
<tr>
<td></td>
<td>৩। উপজেলা পরিষদের পুকুর পাড় জড়াজীর্ণ ও অপরিচ্ছন্ন অবস্থায় রয়েছে। এছাড়া পাড় ভেঙ্গে অভ্যন্তরীণ রাস্তার ক্ষতিসাধিত হচ্ছে। উপজেলার পুকুর পাড় দৃষ্টিনন্দন করতে পুকুর পাড় সংস্কার, ওয়াকওয়ে নির্মাণ, ঘাট সংস্কার, বসার বেঞ্চ নির্মাণ ও মুক্তিযুদ্ধ বিষয়ক টেরাকোটা স্থাপনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পুকুর সংস্কার, ওয়াকওয়ে নির্মাণ, ঘাট সংস্কার, বসার বেঞ্চ নির্মাণ ও মুক্তিযুদ্ধ বিষয়ক টেরাকোটা স্থাপনের জন্য প্রাক্কলন প্রস্তুতপূর্বক স্থানীয় সরকার বিভাগের অনুমোদন গ্রহণের জন্য পত্র প্রেরণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।</td>
<td>উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া</td>
</tr>
<tr>
<td></td>
<td>৪। উপজেলা পরিষদের শিশুপার্কটি জড়াজীর্ণ এবং অস্বাস্থ্যকরণ অবস্থায় রয়েছে। পার্কটি শিশুর জন্য আনন্দদায়ক করতে প্রয়োজনীয়</td>
<td>বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের শিশুপার্ক মেরামতের জন্য প্রাক্কলন প্রস্তুতপূর্বক স্থানীয় সরকার বিভাগের অনুমোদন গ্রহণের জন্য</td>
<td>উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | সংস্কার ও সৌন্দয্যবর্দ্ধণ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | পত্র প্রেরণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| | ৫। **উপজেলা পরিষদের** অভ্যন্তরে শিশুপার্ক সংলগ্ন স্থানে উপজেলা **পরিষদ কমপ্লেক্স** বঙ্গবন্ধু কর্নার ও লাইব্রেরী নির্মাণের বিষয়ে বিস্তারিত **আলোচনা করা হয়।** | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ কমপ্লেক্স বঙ্গবন্ধু কর্নার ও লাইব্রেরী নির্মাণের জন্য প্রাক্কলন প্রস্তুতপূর্বক স্থানীয় সরকার বিভাগের অনুমোদন গ্রহণের জন্য পত্র প্রেরণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(বীর মুক্তিযোদ্ধা মোঃ শফিকুল ইসলাম)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

স্মারক নম্বর : ০৫.৪৩.৮৮৯৪.০০৫.০৬.০০২.২১-৮০০ তারিখ : ১৮-০৭-২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৫ সিরাজগঞ্জ ৪, উল্লাপাড়া।
২। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
৪। অধ্যক্ষ, সরকারি আকবর আলী কলেজ, উল্লাপাড়া।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৭। মেয়র, উল্লাপাড়া পৌরসভা।
৮। উপজেলা ---------------------------------------------------------------কর্মকর্তা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৯। চেয়ারম্যান, --------------------------------------------------------------------------- উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
১০। অফিস কপি।

(মোঃ উজ্জল হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।